গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাহজাদপুর,সিরাজগঞ্জ
(uno.shahzadpur@yahoo.com)

স্মারক নং ০৫.৫০.৮৮৬৭.০০০.০৪.০০৭.১৭-৬৫ তারিখ ঃ ১৮/০১/২০১৭ খ্রিঃ

## সরকারি হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শাহজাদপুর উপজেলার নিম্নবর্ণিত সরকারি হাট-বাজারসমূহ বাংলা ১৪২৪ সনের ১ (এক) বছরের জন্য অস্থায়ীয়ভাবে ইজারা প্রদানের লক্ষ্যে সিডিউলে বর্ণিত শর্তসাপেক্ষে প্রতিটি হাট-বাজারের জন্য পৃথকভাবে সিলমোহরযুক্ত খামে ক্যালেন্ডারের সময়সূচি অনুযায়ী দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রসমূহ ক্যালেন্ডারে বর্ণিত সময়সূচি মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়,সিরাজগঞ্জ (স্থানীয় সরকার শাখা), পুলিশ সুপারের কার্যালয়,সিরাজগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি),শাহজাদপুর ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, শাহজাদপুর এ রক্ষিত দরপত্র বাক্সে বেলা ২.০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে। ঐদিন বেলা ২.১৫ মিঃ দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। প্রয়োজনীয় শর্তাবলীসহ দরপত্র সম্পর্কিত সিডিউল ক্যালেন্ডারে বর্ণিত দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ (স্থানীয় সরকার শাখা), উপজেলা ভূমি অফিস, শাহজাদপুর, শাহজাদপুর থানা(পুলিশ স্টেশন) , সোনালী ব্যাংক,শাহজাদপুর শাখা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ক্রয় করা যাবে।

দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। সফল দরপত্রদাতার জমাকৃত অর্থ হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে ব্যয় মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে ফেরত প্রদান করা হবে। দরপত্র গৃহীত হওয়ার সংবাদ প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে সমুদয় অর্থ (৭৫)% নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। সেই সাথে ইজারামূল্যের অতিরিক্ত ১৫% অর্থ মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ও ৫% অর্থ আয়কর হিসাবে ট্রেজারি চালানমূলে জমা দিতে হবে। অন্যথায় বিধি মোতাবেক দরপত্র বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, যে কোন পর্যায়ে বর্ণিত যে কোন হাট-বাজারের দাখিলকৃত দর গ্রহণযোগ্য হলে পরবর্তী পর্যায়ে উক্ত হাট-বাজারের দরপত্র সংক্রান্ত কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হবে। প্রয়োজনে আরও বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

### হাট-বাজারের নাম, দরপত্র দাখিলের তারিখ ও সময়সূচির ক্যালেন্ডার

| ক্র নং | হাট-বাজারের নাম | বাংলা ১৪২৪ সালের সরকারি মূল্য | দরপত্র দাখিলের তারিখ | | | | দরপত্র গ্রহণের সময় | | দরপত্র বাক্স খোলার সময় | দরপত্র ফরমের মূল্য (অফেরত যোগ্য) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ১ম বার | ২য় বার | ৩য় বার | ৪র্থ বার | হতে | পর্যন্ত | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | কাশীনাথপুর | ৮১৩১৬ | ১৪/০২/১৭ | ১৪/০৩/১৭ | ২৯/০৩/১৭ | ১০/০৪/১৭ | ৯.০০ | ২.০০ | ২.১৫মিঃ | ৫০০ |
| ২ | তালগাছি | ৫৮০২২৭৪ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ১২৪০০ |
| ৩ | গাড়াদহ বাজার | ১৭১৪২ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০ |
| ৪ | গাড়াদহ হাট | ১০০০ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০ |
| ৫ | বাঘাবাড়ী হাট | ৯১৪১০ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০ |
| ৬ | করশালিকা | ৫০০০ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০ |
| ৭ | কাশিপুর | ২২৩৪৯ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০ |
| ৮ | জামিরতা | ১১১৪২২৮ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৩০০০ |
| ৯ | পোরজনা | ১৭৯৩০০ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ১০০০ |
| ১০ | ডায়া | ১০৬৭০০ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ১০০০ |
| ১১ | প্রতাবগঞ্জ | ৮১২১৮ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০ |
| ১২ | কাদাইবাদলা | ২৯৭৫৫ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০ |
| ১৩ | সাতবাড়ীয়া | ১৯৭১২৪ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ১০০০ |
| ১৪ | বেলতৈল | ২৭৭০৭ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০ |
| ১৫ | খুকনী | ১২৩৬৫৮৪ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৩২০০ |
| ১৬ | আরকান্দি | ১১২০৫৪ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ১০০০ |
| ১৭ | রুপসী | ৪৫৩২১ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০ |
| ১৮ | কৈজুরী | ১১০১৮৪ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ১০০০ |
| ১৯ | হাট পাচিল | ১৭১৬ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০ |
| ২০ | বানতিয়ার | ২২৯১৬৭ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ১২০০ |
| ২১ | নরিনা | ৫০৭৮৩ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০ |

(বিঃদ্রঃ ১ম বার দরপত্র অনুষ্ঠানে যদি কোন হাট-বাজারের দাখিলকৃত দরপত্র অনুমোদন হয় তাহলে ঐ হাট-বাজারটির নাম ২য় দরপত্রে (পুনঃ দরপত্র অনুষ্ঠানে) বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে এবং ২য় বারের দরপত্র অনুষ্ঠানে যদি কোন হাট বাজারের দাখিলকৃত দরপত্র কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করা হয় তাহলে ৩য়বার দরপত্র অনুষ্ঠানে বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে, অনুরূপভাবে ৩য় বার যে হাট-বাজারের জন্য প্রাপ্ত দর অনুমোদিত হবে-৪র্থ বার দরপত্র অনুষ্ঠানে তা বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে । এছাড়া দরপত্র সংক্রান্ত শর্তাবলী ও অন্যান্য বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে জানা যাবে। বিজ্ঞপ্তিটি shahjadpur. sirajganj. gov.bd এই ওয়েব পোর্টালে পাওয়া যাবে ।

চলমান পাতা-২

**শর্তাবলী ঃ**

১। বিস্তারিত তথ্য ও শর্তাবলী সম্বলিত দরপত্র ফরম সরকারি ছুটির দিন ব্যতীত ক্যালেন্ডার অনুযায়ী দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক,সিরাজগঞ্জ,সহকারী কমিশনার(ভূমি),শাহজাদপুর, অফিসার-ইন-চার্জ, শাহজাদপুর থানা, সোনালী ব্যাংক , শাহজাদপুর শাখা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) সংগ্রহ করা যাবে।

২। ইজারা দরপত্রে অংশগ্রহণ করতে ইচ্ছুক যে কোন ব্যক্তিকে আনুসংগিক কাগজপত্রসহ উল্লিখিত তারিখ ও সময় অনুযায়ী **জেলা প্রশাসক সিরাজগঞ্জ, পুলিশ সুপার, সিরাজগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি), শাহজাদপুর এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে।**

৩। হাট-বাজারের ইজারামূল্য কাঙ্খিত সরকারি মূল্যের চেয়ে বেশী হতে হবে। দরপত্রদাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ যে কোন তফসিল ব্যাংক হতে বিডি/সিডি/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত অর্থ হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে সংরক্ষিত ৫% জামানত হতে তা মিটানো হবে। উদ্ধৃত মূল্যের ৩০% অর্থের কম / বিডি/সিডি/পে-অর্ডার বিহীন দরপত্র বাতিল বলে গণ্য হবে। হাট-বাজার ইজারা নিস্পত্তি না হওয়া পর্যন্ত সর্বোচ্চ ডাককারী/ডাককারীগণের কোন বিডি/সিডি/পে-অর্ডার অবমুক্ত করা হবে না।

৪। হাট-বাজারের ইজারা ১৪২৪ বাংলা সালের জন্য প্রদান করা হবে। বাংলা ১৪২৪ বাংলা সালের মধ্যের খাস আদায়কালীন সময়ের জন্য আনুপাতিক হারে অর্থ ইজারা গ্রহীতাকে ফেরত প্রদান করা হবে (যদি খাস আদায় হয়)।

৫। দাখিলকৃত দরপত্র অনুমোদন হওয়ার ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ পরিশোধ করতে হবে। আংশিক অর্থ গ্রহণ করা হবে না। অন্যথায় জামানতসহ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। অনুমোদিত ডাকমুল্যের শতকরা ৫% টাকা অগ্রীম আয়কর ট্রেজারী চালানের মাধ্যমে প্রদান করতে হবে।

৭। অনুমোদিত ডাকমূল্যের শতকরা ১৫% টাকা ভ্যাট (মুসক) হিসাবে ট্রেজারী চালানের মাধ্যমে প্রদান করতে হবে।

৮। ইজারা গ্রহীতা হাট-বাজার কাউকে সাবলীজ প্রদান অথবা কারো নামে হাটের-জায়গা বরাদ্দ প্রদান করতে পারবেন না।

৯। হাট-বাজারের পানীয়জল, পয়-প্রণালী ব্যবস্থা, পরিষ্কার-পরিচ্ছন্নকরণ ইত্যাদি ইজারাদার কর্তৃক সম্পন্ন করার বিষয়টি নিশ্চিত করতে হবে।

১০। সর্বোচ্চ দরদাতার দরপত্র গ্রহণ/অনুমোদন করতে কর্তৃপক্ষ বাধ্য নহে। কোন কারণ দর্শানো ব্যতিরিকে যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা নিম্নস্বাক্ষরকারীর বা তার উর্দ্ধতন কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এই বিজ্ঞপ্তির কোন অংশ সংশোধন/ সংযোজন/ পরিবর্তন করার সকল ক্ষমতা নিম্নস্বাক্ষরকারীর সংরক্ষিত থাকবে।

১১। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত/জারীতব্য হাট-বাজার ইজারা পদ্ধতি ও ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশনা ইজারাদার মানতে বাধ্য থাকবেন।

১২। হাট-বাজার যিনি ইজারা পাইবেন সেই ইজারাদারকে =৩০০/- টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি করতে হবে এবং সম্পাদিত চুক্তিনামার সকল শর্ত ইজারাদারকে মেনে চলতে বাধ্য থাকতে হবে।

১৩। যে তারিখ হতেই ইজারা দেয়া হোক না কেন ইজারার মেয়াদ কোনক্রমেই ৩০ চৈত্র ১৪২৪ তারিখ অতিক্রম হবে না।

১৪। ইজারাদারকে সরকার অনুমোদিত হারে টোল আদায় করতে হবে।

১৮/০১/২০১৭

(আলামিন [illegible])
উপজেলা নির্বাহী অফিসার
শাহজাদপুর, সিরাজগঞ্জ

স্মারক নং ০৫.৫০.৮৮৬৭.০০০.০৪.০০৭.১৫-৬৫/১(১৫০)
তারিখ ঃ ১৮/০১/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
২। বিভাগীয় কমিশনার,রাজশাহী বিভাগ,রাজশাহী
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
৪। পুলিশ সুপার, সিরাজগঞ্জ
৫ সিভিল সার্জন,সিরাজগঞ্জ
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিরাজগঞ্জ
৭। উপজেলা পরিষদ চেয়ারম্যান,শাহজাদপুর,সিরাজগঞ্জ
৮। জেলা.................................................... অফিসার,সিরাজগঞ্জ
৯। উপজেলা নির্বাহী অফিসার,.................................সিরাজগঞ্জ
১০। মেয়র, শাহজাদপুর পৌরসভা
১১। সহকারী কমিশনার (ভূমি), শাহজাদপুর, সিরাজগঞ্জ
১২। উপজেলা .....................................................অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ
১৩। সাব-রেজিস্ট্রার, শাহজাদপুর, সিরাজগঞ্জ
১৪। অফিসার ইনচার্জ, শাহজাদপুর থানা / অফিসার ইনচার্জ, এনায়েতপুর থানা
১৫। চেয়ারম্যান .............................ইউনিয়ন পরিষদ, শাহজাদপুর
১৬। পোস্ট মাস্টার, শাহজাদপুর পোষ্ট অফিস, শাহজাদপুর, সিরাজগঞ্জ
১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ................................... ইউনিয়ন ভূমি অফিস, শাহজাদপুর, সিরাজগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট হাট/বাজারে ঢোল সহরত/মাইকের মাধ্যমে ব্যাপক প্রচার পূর্বক প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো

উপজেলা নির্বাহী অফিসার
শাহজাদপুর, সিরাজগঞ্জ
১৮.০১.২০১৭